চলমান নিকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mora.gov.bd

নং-১৬.০০.০০০০.০০১.১১.০০১.১৬-১৪৩৬

তারিখ : ০৯.০৬.১৪২৫ বঙ্গাব্দ
২৪.০৯.২০১৮ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

বিষয় : **ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ হজ্জ অফিস জেদ্দা, সৌদি আরব-এর 'কাউন্সিলর (হজ)' ও 'কনসাল (হজ)' পদে কর্মকর্তা নিয়োগের বিজ্ঞপ্তি।**

নির্দেশিত হয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব-এর নিম্নেবর্ণিত পদে মেয়াদভিত্তিক কর্মকর্তা নিয়োগের জন্য পদের বিপরীতে বর্ণিত যোগ্যতাসম্পন্ন ইচ্ছুক স্থায়ী/নিয়মিত সরকারি কর্মকর্তাদের নিকট হতে নির্ধারিত ফরম-এ (সংযুক্ত) জীবন বৃত্তান্তসহ স্ব-স্ব মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

ক্রমিক নং	পদের নাম ও বেতন স্কেল	পদের সংখ্যা	পদমর্যাদা/যোগ্যতা	কাজের বিবরণ
০১	১) পদ: কাউন্সিলর (হজ) ২) বেতন স্কেল: 'গ্রেড পে' ৩) বিধি মোতাবেক বৈদেশিক ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন।	০১	(ক) উপসচিব বা সমবেতন স্কেলের কর্মকর্তা। (খ) আরবী ভাষা জানা এবং বলতে পারা প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। (গ) বিদেশী স্নাতকোত্তর ডিগ্রিধারিদের অগ্রাধিকার দেয়া হবে।	(ক) সৌদি আরবে বাংলাদেশী হাজীদের পবিত্র হজ পালনের সু-ব্যবস্থা করা, হজ সংক্রান্ত সকল বিষয়ে সার্বিক দায়িত্ব পালন করা। (খ) এতদসংক্রান্ত আর্থিক ও প্রশাসনিক দায়িত্ব পালন করা এবং বিধি মোতাবেক জবাবদিহি থাকা। (গ) মন্ত্রণালয় কর্তৃক ন্যস্ত যে কোন দায়িত্ব পালন করা।
০২	১)পদ:সহকারী হজ অফিসার/ কনসাল (হজ) (প্রথমসচিব) ২) বেতন স্কেল: 'গ্রেড পে' ৩) বিধি মোতাবেক বৈদেশিক ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা পাবেন।	০১	(ক) সিনিয়র সহকারী সচিব অথবা সমপদের কর্মকর্তা (যাদের বেতন স্কেল ৬ষ্ঠ গ্রেডের নিম্নে নহে)। (খ) প্রার্থীকে কমপক্ষে ১০ (দশ) বছরের প্রথম শ্রেণীর সরকারি কর্মকর্তা হিসেবে চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। (গ) আরবী ভাষা জানা এবং বলতে পারা প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। (ঘ) বিদেশী স্নাতকোত্তর ডিগ্রিধারিদের অগ্রাধিকার দেয়া হবে।	(ক) নিজ দায়িত্ব পালনসহ কাউন্সিলর (হজ)-এর উপর ন্যস্ত দায়িত্বসমূহ পালনে সার্বিক সহায়তা প্রদান করা। (খ) মন্ত্রণালয় কর্তৃক ন্যস্ত যে কোন দায়িত্ব পালন করা।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

০২। সকল মন্ত্রণালয়/বিভাগ ও এর অধীন সংস্থায় কর্মরত আগ্রহী এবং যোগ্য কর্মকর্তাদের আগামী ২১.১০.২০১৮ তারিখের মধ্যে সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বরাবরে লিখিত আবেদনপত্র (সংশ্লিষ্ট কর্মকর্তাদের ২০১৩-২০১৭ সন পর্যন্ত ০৫ (পাঁচ) বছরের বার্ষিক গোপনীয় প্রতিবেদনসহ) প্রেরণ করতে হবে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন কর্মকর্তাদের ক্ষেত্রে বার্ষিক গোপনীয় প্রতিবেদন প্রেরণের প্রয়োজন নেই। জনপ্রশাসন মন্ত্রণালয় হতে তাদের বার্ষিক গোপনীয় প্রতিবেদন সংগ্রহ করা হবে।

০৩। স্ব-স্ব মন্ত্রণালয়/বিভাগের মাধ্যমে নির্ধারিত ফরমে এবং নির্দিষ্ট সময়সীমার মধ্যে আবেদনপত্র পাওয়া না গেলে তা বিবেচিত হবে না। ছক অসম্পূর্ণ বা ছকে সন্নিবেশিত কোন তথ্য ভুল বা মিথ্যা বলে প্রমাণিত হলে আবেদনপত্র বাতিল করার এখতিয়ার অত্র মন্ত্রণালয় সংরক্ষণ করে।

০৪। আবেদনপত্র কিংবা জীবন বৃত্তান্ত ফরমে কোন সুপারিশ থাকলে তা বিবেচনা করা হবে না।

০৫। যে সকল কর্মকর্তার চাকুরির মেয়াদ ০৪ (চার) বৎসরের কম রয়েছে সে সকল কর্মকর্তা, অবসরপ্রাপ্ত কর্মকর্তা, চুক্তিভিত্তিক নিয়োজিত এবং মহিলা কর্মকর্তাদের আবেদন করার প্রয়োজন নেই।

০৬। ০১.০১.১৯৯২ তারিখের পর যাঁদের তৃতীয় সন্তান জন্মগ্রহণ করেছে, তাঁদের আবেদন করার প্রয়োজন নেই।

০৭। মন্ত্রিপরিষদ বিভাগের ১৮.০২.১৯৯৭খ্রি. তারিখের মপবি/রিপোর্ট/বিদেশস্থ/৪(৫)৯৩-৯নং পরিপত্র অনুযায়ী নিম্নে বর্ণিত কর্মকর্তাগণের আবেদন করার প্রয়োজন নেই :

(ক) যে সকল কর্মকর্তা বিদেশস্থ বাংলাদেশ দূতাবাসের বিশেষ ধরনের উইং/সেট-আপভুক্ত পদে চাকুরি শেষে দেশে প্রত্যাবর্তনের পর ০৩ (তিন) বছর পূর্ণ হয়নি ;

(খ) বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদে অথবা সমমর্যাদাসম্পন্ন দূতাবাসের বিশেষ ধরনের উইং/সেট-আপভুক্ত পদে যাঁরা চাকুরি করেছেন।

০৮। এতদবিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সর্বশেষ পরিপত্রের সকল নির্দেশনা অনুসরণপূর্বক এ নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

২৪/১০/১৮

(মো: আবুল কালাম আজাদ)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
ফোন: ৯৫৪০৫৮৯
ই-মেইল: moragovbd@gmail.com

বিতরণ : জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৩. রাষ্ট্রপতির সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা।
৪. সিনিয়র সচিব/ সচিব..(সকল) মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৫. মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব।
৬. কনসাল জেনারেল, কনসুলেট জেনারেল অব বাংলাদেশ, জেদ্দা, সৌদি আরব।
৭. কাউন্সিলর (হজ্জ), বাংলাদেশ হজ্জ অফিস, জেদ্দা, সৌদি আরব।
৮. বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয় (সকল)।
৯. জেলা প্রশাসক (সকল)।
১০. সিনিয়র সিস্টেম এনালিস্ট (পিএসিসি), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. সিস্টেম এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২. কনসাল (হজ্জ),বাংলাদেশ হজ্জ অফিস, জেদ্দা, সৌদি আরব।
১৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

জীবন বৃত্তান্ত ছক

১. নাম ও পরিচিতি নম্বর (যদি থাকে) :
২. বর্তমান আবাসিক ঠিকানা :
৩. স্থায়ী ঠিকানা :
৪. জন্ম তারিখ :
৫. পদবী এবং বর্তমান কর্মস্থল :
৬. বর্তমান কর্মস্থলে যোগদানের তারিখ :
৭. বর্তমান বেতন স্কেল :
৮. প্রথম শ্রেণীর চাকরিতে যোগদানের তারিখ :
৯. ক্যাডারের নামসহ ক্যাডারে যোগদানের তারিখ এবং ক্যাডারে চাকরিকালের সঠিক মেয়াদ (আবেদনপত্র জমা দেয়ার তারিখ পর্যন্ত) :
১০. ইত:পূর্বে যে মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরে কাজ করেছেন তার মেয়াদসহ (তারিখ উল্লেখপূর্বক) বিবরণ :
১১. বিগত ০৫ (পাঁচ) বছরের যে যে পদে কর্মরত ছিলেন তার নাম ও কর্মস্থলের পূর্ণ ঠিকানা :
১২. শিক্ষাগত যোগ্যতা :
(এসএসসি হতে মাস্টার্স ডিগ্রী পর্যন্ত প্রতিটি পরীক্ষায় অর্জিত শ্রেণি/বিভাগ উল্লেখ করতে হবে) :
১৩. প্রশিক্ষণ সংক্রান্ত বিবরণ :

প্রশিক্ষণ	প্রশিক্ষণের নাম (ইনস্টিটিউশনের নামসহ)	প্রশিক্ষণের মেয়াদ	প্রশিক্ষণের বিবরণ
(ক) স্থানীয়			
(খ) বিদেশী			

১৪. বাংলা ও ইংরেজী ব্যতিত অন্যান্য ভাষায় দক্ষতা (সার্টিফিকেট/ডিপ্লোমা ও মেয়াদ উল্লেখ করতে হবে) :
১৫. বিদেশে ইতিপূর্বে পদায়নকৃত হলে তার বিবরণ (যদি থাকে)
১৬. বিবাহিত/অবিবাহিত :
১৭. সন্তান সংখ্যা :
(প্রত্যেক সন্তানের নাম ও জন্ম তারিখ উল্লেখ করতে হবে)
১৮. প্রার্থীত পদের নাম :
১৯. অন্যান্য বিষয় (যদি থাকে) :

আবেদনকারীর নামসহ স্বাক্ষর
ফোন (অফিস) :
বাসা :
মোবাইল :
ই-মেইল :